



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং :- সিশিবো/পনি/উমা/০৫/২০১৭/ ২২০

তারিখ : ২৭/০৯/২০১৭

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট -এর আওতাভুক্ত প্রাইভেট পরীক্ষার জন্য নির্ধারিত কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের এইচ এস সি পরীক্ষায় অত্র শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুকদের জন্য প্রযোজ্য নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

১. **প্রাইভেট পরীক্ষার্থী** : ২০১৩ সাল বা তার পূর্বে এস এস সি /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরা ২০১৮ সালের এইচ এস সি পরীক্ষায় **প্রাইভেট** পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
২. **পাঠ্যসূচি**ঃ রেজিস্ট্রেশন নবায়ন ব্যতীত প্রাইভেট পরীক্ষার্থীরা ২০১৮ সালের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা পরিচালনার নিয়মাবলী প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে।
৩. **নির্বাচনী পরীক্ষা** : পুলিশ,প্রতিরক্ষাবাহিনীতে চাকুরীরত ব্যক্তি, একাধিক্রমে ০৩(তিন) বৎসর শিক্ষকতা পেশায় কর্মরত শিক্ষকগণ এবং শারীরিক বা দৃষ্টি প্রতিবন্ধী ব্যতীত সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
৪. **শাখা ও বিষয়সমূহ** : প্রাইভেট পরীক্ষার্থীরা কেবল মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে এবং যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সমস্ত বিষয় নিতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীরা ৪র্থ (চতুর্থ) বিষয় নিতে পারবে না।
৫. শিক্ষা বোর্ডে কর্মরত কোন কর্মচারী নিজ শিক্ষা বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে তারা ইচ্ছা করলে নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
৬. **সময়সূচি** :

ক্রমিক নং	কাজের বিবরণ	তারিখ
১.	সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীর বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষ বরাবরে সাদাকাগজে তালিকাভুক্তির জন্য আবেদন দাখিলের তারিখ	২৭/০৯/২০১৭ থেকে ০১/১০/২০১৭
২.	প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফরম বোর্ড থেকে গ্রহণের তারিখ	০৫/১০/২০১৭
৩.	প্রাইভেট পরীক্ষার্থীদের পূরণকৃত অনুমতি ফরম, এস আই এফ(SIF) বিবরণী ফরম ০২(দুই) কপি, এস এস সি পরীক্ষা পাশের মূল নম্বরফর্দ এবং তালিকাভুক্তি ফি এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অত্র শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে)জমা দেয়ার তারিখ(উল্লেখ্য এস এস সি পরীক্ষার মূল নম্বরফর্দগুলি তালিকার ক্রমানুযায়ী সাজিয়ে জমা দিতে হবে)	৩০/১০/২০১৭

৭. **পরীক্ষা কেন্দ্র** : সিলেট শিক্ষা বোর্ড হতে অনুমতিপ্রাপ্ত নিম্নোক্ত ০৪(চার) টি কলেজ কেন্দ্র হতে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীগণ এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
ক) সিলেট সরকারি কলেজ,সিলেট।
খ) মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।
গ) বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ।
ঘ) সুনামগঞ্জ সরকারি কলেজ,সুনামগঞ্জ।

